জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

ই-মেইলঃ b.university.pro@gmail.com ওয়েব সাইটঃ bu.ac.bd; ফোনঃ ০১৭১১০০১৯০৫



Office of the Public Relations University of Barishal E-mail: b.university.pro@gmail.com Web: bu.ac.bd; Mobile: 01711001905

প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

Unleashing the Career Insights for Economics Graduates শীৰ্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৩ জানুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হয়েছে Unleashing the Career Insights for Economics Graduates শীর্ষক সেমিনার। ২৩ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে সেমিনারটি অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপন্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপাচার্য মহোদয় তাঁর বক্তব্যে বলেন, বিশ্ববিদ্যালয়ে শুধুমাত্র সিজিপিএ অর্জনের জায়গা নয়। এখানে যে যে বিষয়ে পড়াশোনা করবে তাকে সে বিষয়ে ভালোভাবে দক্ষতা অর্জন করতে হবে। আর দক্ষতা অর্জনের জন্য শিক্ষার্থীদের গবেষণাভিত্তিক পড়াশোনা করতে হবে, যাতে করে তাদের গবেষণা দেশের জন্য খোরাক হিসেবে কাজ করে । অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন দিলআফরোজ খানম। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান রিফাত ফেরদাউসের সভাপতিত্বে সেমিনারে প্রধান বজা ছিলেন এসিডিআই/ভিওসিএ এর মনিটোরিং, ইতালুয়েশন এন্ড লার্নিং টিম লিডার অপূর্ব কুমার দন্ত। অর্থনীতি বিভাগের সঞ্চালনায় সেমিনারে বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ আমন্ত্রিত অতিথিবৃন্দরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

vora guing

উপ-পরিচালক (চ.দা.) জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়